তারিখ: ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ/৪ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও নং ২২৯-আইন/আয়কর/২০১১।**—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, ১৭ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০১০ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস,আর,ও নং ২৭০-আইন/আয়কর/২০১০ রহিতক্রমে, নিম্নবর্ণিত তফসিল-ক তে উল্লিখিত শর্তাবলী সাপেক্ষে, নিম্নবর্ণিত তফসিল-খ তে উল্লিখিত কর্পোরেট সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্রে, কোন কোম্পানীকে তৎকর্তৃক বিনিয়োজিত প্রকৃত অর্থের বা খরচের ১০% হারে আয়কর রেয়াত প্রদান করিল, যথা:-

## তফসিল-ক

(আয়কর রেয়াতের শর্তাবলী)

(১) কোম্পানীর মোট আয়ের ২০% বা ৮ (আট) কোটি টাকা এর মধ্যে যেটি কম সেই অংকের অধিক ব্যয়িত অর্থের ক্ষেত্রে এই আয়কর রেয়াত প্রযোজ্য হইবে না।

(২) যে সকল কোম্পানী কর্পোরেট প্রতিষ্ঠান হিসাবে সামাজিক দায়িত্ব পালনের মাধ্যমে কর রেয়াত গ্রহণ করিতে আগ্রহী বা উৎসাহী হইবে, সেই সকল প্রতিষ্ঠান-

(ক) উহাতে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদেরকে নিয়মিত বেতন–ভাতা পরিশোধ করিতে হইবে এবং উক্ত প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত কল-কারখানায় বিশেষতঃ শিল্পজাত পণ্য উৎপাদন করা হইলে বর্জ্য ব্যবস্থাপনা প্লান্ট (waste treatment plant) এর ব্যবস্থা থাকিতে হইবে;

(খ) কর্তৃক নিয়মিতভাবে আয়কর, ভ্যাট ও শুল্ক এবং প্রাতিষ্ঠানিক ঋণ পরিশোধ করিতে হইবে;

(গ) কেবলমাত্র সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠানকে Corporate Social Responsibility (CSR) এর আওতায় অনুদান বা অর্থ প্রদান করিতে পারিবে; এবং

(ঘ) বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এ বিদ্যমান সকল বিধান পরিপালন করিবে।

(৩) কোন কোম্পানী কর্তৃক সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্রে ব্যয়িত অর্থ বা খরচকে উহার উৎপাদন হিসাব, বাণিজ্যিক হিসাব অথবা লাভ-ক্ষতি হিসাবে অনুমোদনযোগ্য খরচ মর্মে বিবেচনা করা যাইবে না।

(৪) কোন কোম্পানী কর্তৃক সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্রে দাবীকৃত অর্থ প্রকৃতপক্ষে খরচ হইয়াছে কিনা তৎসম্পর্কে সংশ্লিষ্ট উপ-কর কমিশনার এর নিকট প্রয়োজনীয় তথ্য প্রমাণাদি দাখিল করিতে হইবে।

(৫) কোন কোম্পানী কর্তৃক গৃহীত CSR কর্ম-পরিকল্পনা জাতীয় রাজস্ব বোর্ডকে লিখিতভাবে অবহিতকরণপূর্বক এতদ্‌সংশ্লিষ্ট আয়কর রেয়াত সনদ গ্রহণ করিতে হইবে।

## তফসিল-খ

(কর্পোরেট সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্রসমূহ)

(১) প্রাকৃতিক দুর্যোগ যেমন-ঘূর্ণিঝড়, ভূমিকম্প, জলোচ্ছ্বাস ও প্লাবন এর ফলে ক্ষতিগ্রস্ত এলাকার জন দুর্ভোগ লাঘবের উদ্দেশ্যে সরকারি কোন প্রতিষ্ঠানের মাধ্যমে প্রদত্ত অনুদান;

(২) বৃদ্ধ নিবাস (old home) প্রতিষ্ঠা ও পরিচালনা কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(৩) মানসিক বা শারীরিক প্রতিবন্ধীদের কল্যাণে নিয়োজিত কোন সামাজিক সংস্থাকে প্রদত্ত অনুদান;

(৪) ছিন্নমূল শিশুদের শিক্ষার উদ্দেশ্যে পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানকে প্রদত্ত অনুদান;

(৫) বস্তিবাসীদের আবাসন প্রকল্পে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(৬) নারী অধিকার ও যৌতুক বিরোধী প্রচারণায় নিয়োজিত সামাজিক প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(৭) এতিম ও ছিন্নমূল শিশুদের ভরণপোষণ ও পুনর্বাসনে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(৮) মুক্তিযুদ্ধ বিষয়ক গবেষণা, মুক্তিযুদ্ধের চেতনা পুনরুদ্ধার ও প্রসারে নিয়োজিত এবং মুক্তিযোদ্ধাদের সম্মানজনক জীবনধারণে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(৯) পার্বত্য চট্টগ্রাম, চরাঞ্চল, নদীভাঙ্গন এলাকায় স্বাস্থ্যসম্মত পয়ঃনিষ্কাশন কাজে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১০) ঠোঁট কাটা, ছানি পড়া, ক্যান্সার ও কুষ্ঠ রোগ নিরাময়ে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১১) এসিড আক্রান্তদের চিকিৎসা সেবায় নিয়োজিত ব্যক্তি ও প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১২) গরীব রোগীদের বিনামূল্যে চিকিৎসা সুবিধা প্রদান ও চিকিৎসার মান উন্নয়নের জন্য বিশেষায়িত হাসপাতাল যেমন- ক্যান্সার, লিভার, কিডনী, থ্যালাসেমিয়া, চক্ষু ও কার্ডিও এ প্রদত্ত অনুদান;

(১৩) পাবলিক বিশ্ববিদ্যালয়ে প্রদত্ত অনুদান;

(১৪) কারিগরি বা বৃত্তিমূলক (technical or vocational) শিক্ষা প্রদানের লক্ষ্যে মেধাসম্পন্ন দরিদ্র ছাত্র-ছাত্রীসহ দরিদ্র মুক্তিযোদ্ধার সন্তানদের শিক্ষা বৃত্তি বা আর্থিক অনুদান প্রদানের উদ্দেশ্যে সরকার কর্তৃক স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১৫) কম্পিউটার বা তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রদানার্থে ল্যাব স্থাপন বা ইংরেজি শিক্ষা কর্মসূচী বাস্তবায়নে সরকারি বা এমপিওভুক্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১৬) জনশক্তি রপ্তানির জন্য অদক্ষ ও আধা-দক্ষ শ্রমিককে কারিগরী বা বৃত্তিমূলক প্রশিক্ষণ (technical or vocational training) প্রদানকারী প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১৭) জাতীয় পর্যায়ে খেলাধূলার অবকাঠামো উন্নয়ন বা প্রশিক্ষণ প্রদানে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১৮) মুক্তিযুদ্ধের স্মৃতি রক্ষার্থে নির্মিত বা নির্মিতব্য জাতীয় পর্যায়ের জাদুঘরে প্রদত্ত অনুদান;

(১৯) জাতির জনকের স্মৃতি রক্ষার্থে নিয়োজিত জাতীয় পর্যায়ের কোন প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান; এবং

(২০) প্রধানমন্ত্রীর উচ্চ শিক্ষা ফান্ড এ প্রদত্ত অনুদান।

Bangladesh Tax Upd...
www.kdroy.com.bd/www.ltr.com...

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**আমিনুর রহমান**

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৭ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ/ ০১ জুলাই, ২০১৪ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও নং ১৮৬-আইন/আয়কর/২০১৪**।—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ৪ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২২৯-আইন/আয়কর/২০১১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপন এর-

(ক) তফসিল-ক এর-

(অ) দফা (১) এর "৮ (আট)" সংখ্যা, শব্দ ও বন্ধনী এর পরিবর্তে " ১২ (বার)" সংখ্যা, শব্দ ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে; এবং

(আ) দফা (৫) এর পরিবর্তে নিম্নরূপ দফা (৫) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(৫) কোন কোম্পানী কর্তৃক ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে CSR এর আওতায় অনুদান বা অর্থ প্রদান করিতে হইবে।" ;

(খ) তফসিল-খ এর-

(অ) দফা (২১) এর প্রান্ত:স্থিত "এবং" শব্দটি বিলুপ্ত হইবে; এবং

(আ) দফা (২২) এর প্রান্ত:স্থিত " ।" দাড়ির পরিবর্তে "; এবং" সেমিকোলন ও শব্দ প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (২৩) সংযোজিত হইবে, যথা:-

"(২৩) কোন বিশেষ দুর্যোগ বা টুর্ণামেন্ট বা জাতীয় অনুষ্ঠানের জন্য গঠিত এবং সরকার অনুমোদিত তহবিলে প্রদত্ত অনুদান।"।

০২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
সৈয়দ মোঃ আমিনুল করিম
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd